প্রধানমন্ত্রীর নেতৃত্বে দেশ আজ উন্নয়নের রুল মডেল: এমপি হাবিব

চেম্বার ডেস্ক:: সিলেট-৩ আসনের এমপি হাবিবুর রহমান হাবিব বলেছেন, মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মুজিব জন্মশতবার্ষিকী পালনের মাধ্যমে বাঙালি জাতি প্রমাণ করেছে আমরা বীরের জাতি। প্রধানমন্ত্রী শেখ হাসিনা নেতৃত্বে দেশ আজ উন্নয়নের রুল মডেলে পরিণত হয়েছে। প্রশিক্ষণলব্ধ জ্ঞান অর্জনের মাধ্যমে দেশ গঠনে শিক্ষকবৃন্দকে এগিয়ে আসতে হবে।

সিলেট সরকারি টিচার্স ট্রেনিং কলেজ ২০০৯-১০ শিক্ষাবর্ষের প্রশিক্ষাণার্থীদের পুর্নমিলনী ও শিক্ষা সম্মেলন উপলক্ষে শুক্রবার সকাল ১১টায় বালুচরস্থ সরকারি টিচার্স ট্রেনিং কলেজের হলরুমে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি উপরোক্ত কথাগুলো বলেন।

কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ চৌধুরী মামুন আকবরের সভাপতিত্বে ও মৌমিতা রায় এর পরিচালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন সহযোগী অধ্যাপক দিদার চৌধুরী, নিলুফার খানম, আবদুল্লাহ আল মাহমুদ, বাংলাদেশ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান প্রধান পরিষদ সিলেট এর সভাপতি মো. রফিকুল ইসলাম, ছাতক সরকারি বহুমুখি মডেল উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মইনুল হোসেন চৌধুরী, বাদল চন্দ্র বর্মন, আহবায়ক সাগরিকা গুপ্তা, সদস্য সচিব শাহেদ আহমদ চৌধুরী। অনুষ্ঠানে শিক্ষা সম্মেলন উদ্যাপন কমিটির যুগ্ম আহবায়ক সৈয়দা নুরুন নাহার, দীপক চন্দ্র সরকার, সদস্য মুজিবুর রহমান মুজিব, রাজ কুমার পাল, বাদল বন্দ্র বর্মন, অজয় কৃষ্ণ পাল, মো. লুৎলুর রহমান মামুন, মনীষা সাহা সহ ২০০৯-১০ সেশনের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান শেষে বর্ণাঢ্য র্যালীর বের করা হয় এবং কলেজ ক্যাম্পাসে বৃক্ষরোপন করা হয়।